

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জুলাই ৯, ২০০৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
(শুল্ক)
প্রজ্ঞাপন

তারিখ, ২৪শে আষাঢ় ১৪১০/৮ই জুলাই ২০০৩

নং এস, আর, ও ২০০-আইন/২০০৩/২০১৪/শুল্ক।—Customs Act, 1969 (IV of 1969) এর Section 19 এবং মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জনস্বার্থে, অত্র বিভাগের ৩১-০১-১৪১০ বাংলা মোতাবেক ১৪-০৫-২০০৩ ইংরেজী তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও নং ১২৯-আইন/২০০৩/২০০৫/শুল্ক এর নিম্নরূপ সংশোধন করিল, যথা :-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের প্রস্তাবনায় উল্লিখিত—

- (ক) “এবং মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪(১)” শব্দগুলি, সংখ্যাগুলি ও বন্ধনীগুলি বিলুপ্ত হইবে; এবং
- (খ) “আরোপনীয় সমুদয় শুল্ক ও মূল্য সংযোজন কর মওকুফ করিল” শব্দগুলির পরিবর্তে নিম্নরূপ শব্দগুলি, সংখ্যা ও চিহ্ন প্রতিস্থাপিত হইবে, যথা :-

“আরোপনীয় শুল্ক হারের ৫০% শুল্ক মওকুফ করিল”

২। ইহা ১৪-০৫-২০০৩ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মনযুর মান্নান

অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)।

শেখ মোঃ মোবারক হোসেন (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।

(৮৫৬১)

মূল্য : টাকা ১.০০